

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা



সভার কার্যবিবরণী

সভাপতি	মোঃ বেলায়েত হোসেন তালুকদার অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
সভার তারিখ	১৯ আগস্ট ২০২০ খ্রিস্টাব্দ
সভার সময়	সকাল ১১.০০ মিনিট
স্থান	সভাপতি মহোদয়ের অফিস কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

২. সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভা শুরু করেন। এরপর তিনি এ.পি.এ. টিমের সদস্য সচিব ও শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে সভার আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শুরু করতে বলেন। সদস্য সচিব সভাকে অবহিত করেন যে, অধিদপ্তর/দপ্তর/সংস্থার সাথে গত ৩০ জুলাই ২০২০ তারিখে ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (A.P.A.) সম্পাদিত হয়েছে। তাছাড়া এ বিভাগের ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) খসড়া ইতোমধ্যে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে এবং ৩০ আগস্টের মধ্যে চূড়ান্ত কপি প্রেরণ করা হবে। তিনি সভাকে আরও জানান যে, ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির (A.P.A.) আবশ্যিক কৌশলগত কার্যক্রমে ২৫ নম্বর রয়েছে যা মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক প্রণীত। এ পরিপ্রেক্ষিতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমগুলো শতভাগ এবং যথাসময়ে সম্পন্ন করা আবশ্যিক। পরবর্তীতে আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমগুলো নিয়ে সভায় বিস্তারিত আলোচনা হয় এবং আলোচনা শেষে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

সিদ্ধান্তসমূহ:

২.১ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের প্রতিটি কার্যক্রম সম্পাদনের নিমিত্তে তারিখ নির্দিষ্ট করে Activity Execution Calender প্রণয়ন করতে হবে যাতে প্রতিটি কার্যক্রম যথাসময়ে এবং শতভাগ সম্পন্ন করা সম্ভব হয়;

২.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যের কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট অধিশাখা/শাখার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাকে পরবর্তী এ.পি.এ. টিমের সভায় আমন্ত্রণ জানাতে হবে এবং কার্যক্রমসমূহ যথাসময়ে সম্পাদনের বিষয়ে অবহিত করতে হবে।

৩. সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোঃ বেলায়েত হোসেন তালুকদার
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)

স্মারক নম্বর: ৩৭.০০.০০০০.০৭৫.০১.০০৪.২০.৮২

তারিখ: ৫ ভাদ্র ১৪২৭

২০ আগস্ট ২০২০

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১) উপসচিব, প্রশাসন অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ২) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৩) উপসচিব, এস.ডি.জি. শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৪) উপপ্রধান, পরিকল্পনা-২ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৫) সিনিয়র সহকারী সচিব, বাজেট শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৬) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (মূল্যায়ন) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ
- ৭) প্রোগ্রামার, আইসিটি অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
- ৮) ব্যক্তিগত কর্মকর্তা, প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ



মোঃ ফজলুর রহমান

সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)